# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

বাংলা প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ১

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য:— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম দুটি, কবিতাংশ থেকে ন্যূনতম দুটি, উপন্যাস থেকে ন্যূনতম একটি ও নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

## ক অংশ — গদ্য

১.▶ পদ্মা গার্মেন্টিস ফ্যাক্টরির শ্রমিকরা কয়েক মাস ধরে বেতন পাচ্ছে না। কিন্তু ফ্যাক্টরির মালিক ওসমান হক পরিবার নিয়ে বিদেশে ঘুরে বেড়ানো, ছেলেকে দামি গাড়ি কিনে দেওয়াসহ ব্যক্তিগত বিভিন্ন কাজে অঢেল অর্থ ব্যয় করছেন। ওসমান হকের এসব কর্মকাণ্ডে শ্রমিক অসন্তোষ ক্রমেই বাড়তে থাকে। এরই মধ্যে একদিন শ্রমিক মন্টু ও সবুজ ফ্যাক্টরির গোডাউন লুট করে। এ ঘটনায় মালিকপক্ষ তাদের বিরুদ্ধে মামলা করলে সকল শ্রমিক কাজ বন্ধ করে ধর্মঘট শুরু করে। তারা পুলিশের কাছে বলে যে ওসমান হকের অবহেলা আর কার্পণ্যের কারণে তারা বাধ্য হয়ে লুটপাট করেছে।

ক. সমাজের ধনবৃদ্ধির অর্থ কী? ১

খ. 'কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মন্টু ও সবুজ 'বিড়াল' রচনার কার সঙ্গে সাদৃশ্যপূর্ণ?— আলোচনা করো। ৩

ঘ. "ধনিক শ্রেণির অবহেলা আর কার্পণ্যই সমাজে অপরাধ বৃদ্ধি করে"— উদ্দীপক ও 'বিড়াল' রচনার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২.▶ ছোটবেলা থেকেই রাহাত নিজের কাজগুলো অন্যকে দিয়ে করিয়ে নিতে ভালোবাসে। স্কুল-কলেজে পড়ার সময়ও অন্যদের সাহায্যে পরীক্ষায় পাশ করত। রাহাতের বন্ধু সুজন তার এই বিষয়টি অপছন্দ করত। সে সব সময় রাহাতকে বোঝাত যে এভাবে অন্যের ভরসায় জীবন চালানো যায় না, জীবনে সফলতা আসে না। বরং সততা আর আত্মবিশ্বাসই জীবনকে করে তোলে সাফল্যমণ্ডিত।

ক. কাজী নজরুল ইসলামের মতে সবচেয়ে বড় ধর্ম কী? ১

খ. লেখক নিজেকে 'অভিশাপ রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের রাহাতের মধ্যে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের সুজনের বক্তব্য এবং 'আমার পথ' প্রবন্ধের লেখকের বক্তব্যের মূলসুর অভিন্ন"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩. ▶ আর্থিক দুরবস্থার কারণে হায়দার আলী যৌতুক সহকারে মেয়ের বিয়ে দিতে অপরাগ। অথচ মেয়ের বিয়ের বয়সও পার হয়ে যাচ্ছে। এমতাবস্থায় সম্ভ্রান্ত রাশেদ চৌধুরীর ছেলের সাথে তার মেয়ের বিয়ের কথা শুরু হলে তিনি রাশেদ চৌধুরীকে হাতজোড় করে অনুরোধ জানান যে যৌতুকের জন্য যেন এ বিয়ে না ভাঙেন। কিন্তু রাশেদ চৌধুরী তাকে জানান যৌতুক নিয়ে ছেলে বিয়ে দেওয়াকে তিনি অপরাধ মনে করেন। তার কাছে মেয়ের বাবার টাকা নয় বরং মেয়ের শিক্ষাটাই প্রধান।

ক. অনুপমের ভাগ্যে প্রজাপতির সঙ্গে কার বিরোধ নেই? ১

খ. 'ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই'— উক্তিটি বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের হায়দার আলীর সঙ্গে 'অপরিচিতা' গল্পের শম্ভুনাথ বাবুর বৈসাদৃশ্য কোথায়? আলোচনা করো। ৩

ঘ. 'যৌতুকের মতো অভিশাপকে সমাজ থেকে দূর করতে রাশেদ চৌধুরীর মতো ব্যক্তিই আমাদের আশার আলো'— তোমার মতামত তুলে ধরো। ৪

৪. ▶ মুক্তিযুদ্ধের সময় সুন্দরপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শরীফ উদ্দিন হঠাৎ করেই তার নামের আগে মৌলনা শব্দটি যোগ করেন। তার সাজ পোশাক ও কথাবার্তায়ও বেশ পরিবর্তন লক্ষ করা যায়। স্কুলের সব শিক্ষক-কর্মচারীকেও উর্দুতে কথা বলার নির্দেশ দেন, এমনকি স্কুলমাঠে অবস্থিত শহিদ মিনারকে ইসলাম পরিপন্থী বলে ভেঙে দেন। এ বিষয়টি কোনোভাবেই মেনে নিতে পারে না দশম শ্রেণির ছাত্র শাহীন। তার কাছে এই শহিদ মিনার একটা শক্তির উৎস, চেতনার উৎস। তাই এই শহিদ মিনার ধ্বংসকারীদের বিনাশ করার লক্ষ্যে সে পরের দিনই যোগ দেয় মুক্তিবাহিনীতে।

ক. উর্দুর প্রফেসরের নাম কী? ১

Teachingbd24.com

খ. 'এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা'— উক্তিটি বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের শরীফ উদ্দিনের সঙ্গে 'রেইনকোট' গল্পের প্রিন্সিপাল ড. আহমদের সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. "দেশপ্রেম ও জাতীয় চেতনার জাগরণই উদ্দীপকের শাহীন ও 'রেইনকোট' গল্পের নুরুল হুদাকে সাহসী করে তুলেছে"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ মুক্তিযোদ্ধা তারেক বেশ কয়েকটি সফল অপারেশন শেষ করে এক দিনের ছুটিতে মায়ের কাছে আসে। গ্রামে ঢুকতেই তারেকের দূর-সম্পর্কের মামাতো ভাই বশির তাকে দেখে ফেলে এবং সঙ্গে সঙ্গে পাকবাহিনীকে খবরটি জানিয়ে দেয়। সেই রাতেই ঘুমন্ত তারেককে মিলিটারিরা হত্যা করে। গ্রামের সবাই এ হত্যাকে কাপুরুষোচিত বলে আখ্যা দেয়।

ক. 'শূলিশম্ভুনিভ বলা হয়েছে কাকে? ১

খ. 'গুণবান যদি পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বশির 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় কার প্রতিনিধিত্ব করে? আলোচনা করো। ৩

ঘ. "নিরস্ত্র মানুষকে হত্যা করা কাপুরুষোচিত"— উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৬.▶ প্রযুক্তির অবাধ ব্যবহার আর নিছক কৌতূহলের বশে সোনালী 'ব্লু-হোয়েল' নামক অনলাইন গেমসের মরণজালে জড়িয়ে পড়ে সোনালী তার জীবন বিপন্ন করে তোলে। অথচ শমী হাসান মায়ের মৃত্যুর পর শোককে শক্তিতে পরিণত করে দরিদ্র হরিজনপল্লীতে সেবামূলক কাজ করে। পানিবাহিত রোগের কারণে যেন কারও মৃত্যু না ঘটে সেই বিষয়ে কাজ করে শমী আন্তর্জাতিক সেবা সংস্থা গ্লোবাল সিটিজেনের নিরাপদ পানি, সুস্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ক তরুণ মুখপাত্র হিসেবে নির্বাচিত হয়ে বিশ্বের দরবারে বাংলাদেশের মুখ উজ্জ্বল করেছে।

Teachingbd24.com

ক. আঠারো বছর বয়সীরা পদাঘাতে কী ভাঙতে চায়? ১

খ. 'সঁপে আত্মাকে শপথের কোলাহলে'— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সোনালী চরিত্রে 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লিখিত কোন দিকটির সাদৃশ্য রয়েছে? আলোচনা করো। ৩

ঘ. 'মানবকল্যাণে আঠারো বছর বয়স সর্বদা অগ্রণী ভূমকা পালন করে।'— উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

**৭.▶** রহমত সাহেব নিজেকে একজন ধর্মপ্রাণ ব্যক্তি হিসেবে পরিচয় দেন, পাঁচ ওয়াক্ত নামাজ পড়েন, ধর্মীয় বই-পুস্তক পড়েন নিয়মিত। এমনকি পথে-ঘাটে ভিক্ষুক দেখলে টাকা-পয়সাও দেন। একদিন এক হিন্দু বিধবা তার কাছে ভিক্ষা চাইলে তিনি হিন্দু বলে কটাক্ষ করেন। ভিক্ষুক মহিলা রহমত সাহেবকে বলেন, মানুষকে ভালোবাসাই প্রকৃত ধর্ম তা সে যে ধর্মেরই হোক। মানুষের মাঝেই ঈশ্বরের অবস্থান।

ক. পারস্যের অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থের নাম কী? ১

খ. 'কেন খুঁজে ফের দেবতা-ঠাকুর মৃত পুঁথি-কঙ্কালে'— বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের রহমত সাহেবের মধ্যে 'সাম্যবাদী' কবিতার কোন বিষয়টি ফুটে উঠেছে? আলোচনা করো। ৩

ঘ. "উদ্দীপকের হিন্দু বিধবা মহিলার বক্তব্য আর 'সাম্যবাদী' কবিতার মূলসুর একই"— তোমার অভিমত তুলে ধরো। ৪

## গ অংশ — সহপাঠ [উপন্যাস]

**৮.▶** শফিপুর গ্রামটিতে এখনো মূর্খ, ধর্মান্ধ আর কুসংস্কারাচ্ছন্ন মানুষের বসবাস। এই গ্রামে তাই এখনো চিকিৎসারও কোনো সুব্যবস্থা নেই। সব রোগের একটাই সমাধান হলো সিরাজ হুজুরের পানি পড়া। এই গ্রামেরই ছেলে আবিদ শহরে পড়ালেখা করে। সে গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করতে চায়। তাতে বাদ সাধে সিরাজ কবিরাজ। কিন্তু আবিদ চিকিৎসালয় প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ। সিরাজ হুজুর তাকে প্রাণনাশের ভয় দেখিয়েও শেষ পর্যন্ত চিকিৎসালয় স্থাপন করা থামাতে পারেনি।

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. 'লালসালু' উপন্যাসে উল্লিখিত হাসপাতালটি কোথায় অবস্থিত? ১

খ. 'সজোরে নড়তে থাকা পাখাটার পানে তাকিয়ে সে মূর্তিবৎ বসে থাকে' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আবিদ ও 'লালসালু'র আক্কাসের মধ্যে সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোচনা করো। ৩

ঘ. 'স্বার্থরক্ষায় সিরাজ হুজুর ও মজিদ উভয়েই ভয়ংকর হয়ে উঠতে দ্বিধা করে না'— উক্তিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯.▶ তালাকপ্রাপ্তা সাজেদা দুগ্ধপোষ্য সন্তান নিয়ে বাপের বাড়িত ফেরত আসে। বেঁচে থাকার তাগিদে সে কাজ নেয় জহির ব্যাপারির বাড়ি। কিছুদিনের মধ্যেই জহির ব্যাপারির দৃষ্টি পড়ে সাজেদার প্রতি। কারণে-অকারণে খোঁজ-খবর নেয়, নানান জিনিস কিনে দেয়, এমনকি সাজেদা যখন ব্যাপারির স্ত্রীর কাছে তার জীবনের কষ্টের কথা বলে কাঁদতে থাকে তখনও ব্যাপারি তার দিকে মোহনীয় দৃষ্টিতে তাকিয়ে থাকে। সাজেদাও বুঝতে পারে যে ব্যাপারিকে বাইরে থেকে ধর্মপ্রাণ মনে হলেও সে আসলে নারীলোলুপ একজন মানুষ।

ক. নাকে নোলক পরে হলদে শাড়ি পেঁচিয়ে পরে ছোটাছুটি করত কে? ১

খ. 'খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে'— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সাজেদা চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? আলোচনা করো। ৩

ঘ. 'বহিরাবরণে ধার্মিক হলেও জহির ব্যাপারির মতো মজিদেরও নারীর প্রতি লোলুপ দৃষ্টি ছিল'— 'লালসালু' উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

## ঘ অংশ — সহপাঠ [নাটক]

১০.▶ পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী দীর্ঘ চব্বিশ বছর বাঙালিদের শোষণ করে। তাদের সঙ্গে যোগ দিয়েছিল এ দেশীয় রাজাকার শ্রেণি। পাকবাহিনীকে সাহায্য করা ছাড়াও হত্যা, লুণ্ঠন, নির্যাতনসহ নানা ঘৃণ্য কর্মকাণ্ডেও শামিল হয়

https://teachingbd24.com

এই রাজাকার শ্রেণি। এতকিছু করেও এদেশের স্বাধীনতার জয়যাত্রাকে তারা কোনোভাবেই বুখতে পারেনি। এদেশের সর্বস্তরের মানুষের সম্মিলিত প্রচেষ্টায় রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে অর্জিত হয় বাংলার স্বাধীনতা।

ক. ইংরেজরা গোপনে অস্ত্র আমদানি করেছিল কোথায়? ১

খ. "স্বার্থান্ধ প্রতারকের কাপুরষতা বীরের সংকল্প টলাতে পারেনি"— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের রাজাকার শ্রেণির সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের সাদৃশ্য রয়েছে? আলোচনা করো। ৩

ঘ. 'বাংলাদেশের সাধারণ জনতা পাকিস্তানি শাসক ও রাজাকারদের বিরুদ্ধে জেগে উঠলেও সিরাজউদ্দৌলার প্রজারা জেগে উঠতে পারেনি'— তোমার মতামত তুলে ধরো। ৪

১১. ▶ শিল্পপতি রাহাত আনামের সরলতার সুযোগ নিয়ে তারই কোম্পানির ম্যানেজার মালিক হওয়ার স্বপ্ন দেখে। এই স্বপ্ন বাস্তবায়নের সুবিধার্থে সে আরো কয়েকজন কর্মচারীকেও যুক্ত করে। এই কর্মচারীদের একজন সেলিম। ম্যানেজারের সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে মিশে সেলিম সমস্ত তথ্য সংগ্রহ করে রাহাত আনামকে জানিয়ে দেয়। সেলিম ম্যানেজারের হাতে ধরা পড়ে খুন হয়। রাহাত আনাম সেলিমকে বাঁচাতে না পারলেও ম্যানেজার ও তার সঙ্গীদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করে কোম্পানিটি রক্ষা করেন।

ক. 'চারিদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র'— উক্তিটি কার? ১

খ. 'কত বড় শক্তি, তবু কত তুচ্ছ'— উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সেলিমের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়? আলোচনা করো। ৩

ঘ. 'উদ্দীপকের রাহাত আনাম ষড়যন্ত্রকারী ম্যানেজার ও তার সঙ্গীদের প্রতি যেমন কঠোর হয়েছিলেন নবাব সিরাজউদ্দৌলা যদি তেমন কঠোর হতেন তাহলে নবাবের পরিণতি ভিন্ন হতে পারত'— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট     পূর্ণমান — ৩০     বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা     বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**নিচের উদ্দীপকটি পড় এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**

বিল্লাল একটি হোটেলে কাজ করে খাবারের বিনিময়ে। কিন্তু মালিক নিয়মিত তিন বেলা পেট ভরে তাকে খেতে দেয় না। তাই বাধ্য হয়ে সে হোটেলের খাবার থেকে এটা সেটা লুকিয়ে যায়।

**১. উদ্দীপকের বিল্লাল 'বিড়াল' রচনার কার প্রতিনিধিত্ব করে?**

ⓚ কমলাকান্তের   ⓚ প্রসন্নের
ⓖ বিড়ালের   ⓖ নসীরাম বাবুর

**২. উদ্দীপকটিতে 'বিড়াল' রচনার কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**

ক) ধনীর নিষ্ঠুরতা
খ) অপরাধের মূলে ক্ষুধা
গ) দরিদ্রের প্রতি ধনীর অবহেলা
ঘ) চোরের দণ্ড বিধান

**৩. অপরিচিতা গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?**

ক) সবুজপত্র   খ) কালি ও কলম
গ) সমকাল   ঘ) ধুমকেতু

**৪. আসাম সিল্ক নামে পরিচিত কোন কাপড়?**

ক) এন্ডি   খ) সুতি
গ) মসলিন   ঘ) খাদি

**৫. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কত সালে জন্মগ্রহণ করেন?**

ক) ১৮৯০   খ) ১৮৯২
গ) ১৮৯৪   ঘ) ১৮৯৬

**৬. বড় দাসত্ব কোনটি?**

ক) পরাবলম্বন   খ) নিষ্ক্রিয়তা
গ) মিথ্যা   ঘ) গোলামি

**৭. আমাদের জগৎ সংসারে মানুষগুলো কেমন?**

ক) নিরীহ   খ) চালাক
গ) জবরদস্তিপ্রিয়   ঘ) বোকা

**৮. মাসি-পিসি গল্পের লেখক কে?**

ক) সৈয়দ মুজতবা আলী
খ) মানিক বন্দ্যোপাধ্যায়
গ) কাজী নজরুল ইসলাম
ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

**৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?**

ক) ১৯২০   খ) ১৯২১
গ) ১৯২২   ঘ) ১৯২৩

**নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**

'বাতাসে লাশের গন্ধ ভাসে
মাটিতে লেগে আছে রক্তের দাগ।'

**১০. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের কোন বিষয়টির মিল রয়েছে?**

ক) বাঙালির বীরত্ব
খ) বাঙালির সাহসিকতা
গ) পাকবাহিনীর বর্বরতা
ঘ) পাকিস্তানিদের স্বার্থপরতা

**১১. উদ্দীপক ও রেইনকোট গল্পে বর্ণিত বীভৎসতা আমাদের মনে করিয়ে দেয়—**

ক) মুক্তিযুদ্ধের ঘটনা
খ) স্বজন হারানোর বেদনা
গ) বাঙালির দেশপ্রেম
ঘ) যুদ্ধকালীন ক্ষয়ক্ষতি

**১২. 'এরা অসম্ভব পরিশ্রমী' এখানে কাদের কথা বলা হয়েছে?**

ক) মানুষ   খ) পিঁপড়া
গ) পাখি   ঘ) সাপ

**১৩. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাটি কোন ছন্দে রচিত?**

ক) স্বরবৃত্ত   খ) মাত্রাবৃত্ত
গ) অক্ষরবৃত্ত   ঘ) পয়ার

**১৪. কবি কী কুড়িয়ে আনেন?**

ক) চিত্রময়ী বাণী   খ) ভিক্ষালব্ধ ধন
গ) আনন্দের ভোগ   ঘ) গানের পসরা

**১৫. জেন্দা একটি—**

ক) গ্রন্থ   খ) জাতি
গ) ব্যক্তি   ঘ) ভাষা

**১৬. 'হলুদ শাড়ি লেগে থাকে— শরীরের 'পর' শূন্যস্থানে নিচের কোনটি বসবে?**

ক) মেঘের   খ) সুন্দরীর
গ) রূপসীর   ঘ) নারীর

Teachingbd24.com

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :

'গাছের পাতারা সেই বেদনায় বুঁনো পথে যেত ঝরে,
ফাল্গুনী হাওয়া কাঁদিয়া উঠিত শূন্য মাঠখানি ভরে।

১৭. উদ্দীপকের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার বৈসাদৃশ্য কিসে?

ⓚ বর্ণনাভঙ্গি ⓦ প্রকৃতি
ⓖ শোকপ্রকাশ ⓘ বরণ

১৮. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় প্রকাশিত হয়েছে—

ⓚ রূপবৈচিত্র ⓦ শূন্যতা
ⓖ উদাসীনতা ⓘ দুঃখবোধ

১৯. 'সেই অস্ত্র' কবিতায় 'অমোঘ অস্ত্র' বলতে কী বোঝানো হয়েছে?

ⓚ মোহাবিষ্ট অস্ত্র ⓦ অব্যর্থ অস্ত্র
ⓖ অনন্য অস্ত্র ⓘ খেলনা অস্ত্র

২০. সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মৃত্যুবরণ করেন?

ⓚ ১৯ ⓦ ২০
ⓖ ২১ ⓘ ২২

২১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বর্ণমালাকে কীসের সাথে তুলনা করা হয়েছে?

ⓚ নক্ষত্র ⓦ রক্ত
ⓖ ফুল ⓘ রৌদ্র

২২. কবির পূর্বপুরুষের করতলে কীসের সৌরভ ছিল?

ⓚ রক্তঝরার ⓦ পলিমাটির
ⓖ শস্যদানার ⓘ শ্বাপদের

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :

ওয়াসি বেড়ে উঠেছে শীতলক্ষ্যা নদীর তীরে। এই নদীর ভরা যৌবন তাকে সবসময় আকৃষ্ট করে।

২৩. উদ্দীপকের শীতলক্ষ্যা নদীর মতো 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কোন নদীর উন্মত্ত যৌবনের কথা বলা হয়েছে?

ⓚ পদ্মা ⓦ যমুনা
ⓖ মেঘনা ⓘ সুরমা

২৪. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কয়টি নদীর নাম আছে

ⓚ ৪ ⓦ ৫
ⓖ ৬ ⓘ ৭

২৫. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে'— উক্তিটি কার?

ⓚ আমেনা বিবির ⓦ জমিলার
ⓖ রহিমার ⓘ হাসুনির মার

নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :

কদম আলী ধনী লোক। কিন্তু হুজুরের কথা ছাড়া চলতে পারে না। সব বিচার-আচারের সিদ্ধান্ত পরোক্ষভাবে হুজুরই দেয়।

২৬. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের মিল আছে?

ⓚ আক্কাস
ⓦ খালেক ব্যাপারী
ⓖ মতলুব মিয়া
ⓘ কাদের

২৭. লালসালু উপন্যাসের প্রধান চরিত্র কে?

ⓚ মজিদ ⓦ মোদাচ্ছের
ⓖ আক্কাস ⓘ জমিলা

২৮. মোহাম্মদি বেগ কত টাকার বিনিময়ে সিরাজকে হত্যা করতে রাজি হয়?

ⓚ দশ হাজার ⓦ পাঁচ হাজার
ⓖ আট হাজার ⓘ নয় হাজার

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

১৯৭৫ সালের ১৫ আগস্ট কতিপয় বিপথগামী সেনা বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করে।

২৯. উদ্দীপকটির সাথে সিরাজউদ্দৌলা নাটকের কোন চরিত্রের মিল পাওয়া যায়?

ⓚ সিরাজ ⓦ মীরজাফর
ⓖ ঘসেটি বেগম ⓘ ক্লাইভ

৩০. উদ্দীপক ও সিরাজউদ্দৌলা নাটকের প্রাসাদ ষড়যন্ত্রকারীদের উদ্দেশ্যে ও অভিন্নতা মূলত—

ⓚ সম্পদের লোভ
ⓦ ক্ষমতার লোভ
ⓖ প্রতিশোধ
ⓘ শক্তিদর্শন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓖ | ২ | ⓦ | ৩ | ⓚ | ৪ | ⓚ | ৫ | ⓖ | ৬ | ⓚ | ৭ | ⓖ | ৮ | ⓦ | ৯ | ⓚ | ১০ | ⓖ | ১১ | ⓚ | ১২ | ⓦ | ১৩ | ⓖ | ১৪ | ⓚ | ১৫ | ⓘ |
| | ১৬ | ⓖ | ১৭ | ⓚ | ১৮ | ⓘ | ১৯ | ⓦ | ২০ | ⓖ | ২১ | ⓚ | ২২ | ⓦ | ২৩ | ⓚ | ২৪ | ⓖ | ২৫ | ⓖ | ২৬ | ⓘ | ২৭ | ⓚ | ২৮ | ⓚ | ২৯ | ⓦ | ৩০ | ⓦ |

Teachingbd24.com